star ceramics™

# এ টু জেড

টাইলস ও স্যানিটারি ওয়্যার সহায়িকা

/starceramics

www.starceramicsbd.com




সুন্দর বাড়ির স্বপ্নকে আরো নান্দনিক করার প্রয়াসে

## স্টার সিরামিক্স

স্টার সিরামিক্স লিমিটেড বাংলাদেশের স্বনামধন্য টাইল্স ও স্যানিটারিওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান। এটি বাংলাদেশ-লেবানন এর এক যৌথ উদ্যোগ। যাত্রার শুরুর থেকে সিরামিক্স জগতে স্টার সিরামিক্স ক্রেতাদের পছন্দের তালিকার শীর্ষে উঠে এসেছে। স্টার সিরামিক্স সবসময় ডিজাইনে নতুনত্ব ও বৈচিত্র্য আনতে বদ্ধ পরিকর এবং স্টার সিরামিক্স পণ্যের গুণগত মান বজায় রাখার বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। চারটি বিষয়ের প্রতি স্টার সিরামিক্স সবচেয়ে বেশি মনোযোগ প্রদান করে থাকে, এগুলো হচ্ছে গুণগত মান, পণ্যের ডিজাইন, মূল্য এবং ক্রেতা সন্তুষ্টি।

star ceramics

এ টু জেড

টাইলস ও স্যানিটারি ওয়্যার সহায়িকা

# মুখবন্ধ

আমাদের সবার স্বপ্ন থাকে নিজের সুন্দর একটা বাড়ি হবে। স্বপ্নের সেই বাড়ির ভিত্তি থেকে শুরু করে অন্দরসাজেও থাকা চাই নিপুণতার ছাপ। আধুনিককালে ভবনের ভেতরে বাইরে সৌন্দর্য বর্ধনে টাইলস-এর ব্যবহার বেড়েছে। টাইলস শুধু ঘরের সৌন্দর্যকেই বৃদ্ধি করে না, বরং ঘরের জৌলুসও বাড়িয়ে দেয়। সহজলভ্যতা, পছন্দসই ডিজাইন ও ব্যবহারে স্বাচ্ছন্দের কারণে ফ্লোর ও ওয়াল ফিনিশিং-এ টাইলস-এর জুড়ি নেই। পাশাপাশি নান্দনিক স্যানিটারি সামগ্রীও আপনার স্নানঘরে এনে দেয় বাড়তি স্নিগ্ধতা। আমাদের ব্যক্তিত্ব ও রুচির পরিচয় মেলে এসব পণ্যের সঠিক ব্যবহারে। হরেক রকম টাইলস আর স্যানিটারি সামগ্রীর ভিড়ে আপনার জন্য পছন্দসই পণ্যটি বেছে নেয়া খুব সহজ নয়। টাইলস ও স্যানিটারি সামগ্রী নির্বাচন ও স্থাপনের সময় আপনার বেশ কিছু বিষয়ে স্বচ্ছ ধারণা থাকতে হবে। জেনে, দেখে ও বুঝে সঠিক পণ্যটি কেনা আরো সহজ করার লক্ষে আমাদের এই প্রয়াস।

নান্দনিকতায় ঘর সাজানোর আপনার যে স্বপ্ন,
সেই স্বপ্নপূরণে সাথে থাকতে চাই আমরা।

সম্পাদক




**উ প দে ষ্টা**
মোঃ মোয়াল্লিমুল ইসলাম
সৈয়দ আলী আবদুল্লাহ জামি
প্রকৌশলী বেলায়েত হোসেন

**স ম্পা দ ক**
সাজেদুল ইসলাম শুভ্র

**স ম ন্ব য় ক**
টেড সেতু ঘোষ

**প্র কা শ ক**
স্টার সিরামিক্স লিমিটেড

**প্র থ ম  প্র কা শ**
জুলাই ২০১৬

**গ্রা ফি ক্স**
মোস্তাফিজুর রহমান


'এটুজেড' টাইলস ও স্যানিটারিওয়্যার সামগ্রী নির্বাচন ও ক্রয়ে ইচ্ছুক সন্মানিত ক্রেতাসাধারণদের সহায়তা প্রদানের লক্ষ্যে স্টার সিরামিকস-এর একটি স্বেচ্ছাসেবী উদ্যোগ। বিশেষজ্ঞ পরামর্শের আলোকে বইটি সাজানো হয়েছে। উল্লেখ্য, বাড়ি নির্মাণ ও নির্মাণসামগ্রী বাছাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থপতি ও প্রকৌশলীর মতামতই অধিক গ্রহণযোগ্য।


এই প্রকাশনার কোন অংশ বা চিত্র সম্পাদক বা প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত পুনঃপ্রকাশ ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার আইনত দণ্ডনীয়।




হবিগঞ্জের মাধবপুরে অবস্থিত
স্টার সিরামিক্সের সুবিশাল ফ্যাক্টরি




# সূচিপত্র


| | |
|---|---|
| টাইলস কী? | পৃষ্ঠা-০৪ |
| টাইলস-এর উপাদান | পৃষ্ঠা-০৪ |
| কেন টাইলস ব্যবহার করবেন | পৃষ্ঠা-০৫ |
| টাইলস-এর প্রকারভেদ | পৃষ্ঠা-০৬ |
| কোথায় কি রকম টাইলস উপযোগী | পৃষ্ঠা-০৮ |
| টাইলস সেট ডিজাইন, ডেকোর ও বর্ডার টাইলস | পৃষ্ঠা-১০ |
| টাইলস কেনার সময় সতর্কতা | পৃষ্ঠা-১১ |
| সাইটে টাইলস সংরক্ষণ | পৃষ্ঠা-১৩ |
| টাইলস বসানোর সময় সতর্কতা | পৃষ্ঠা-১৪ |
| টাইলস-এর যত্ন | পৃষ্ঠা-১৬ |
| স্যানিটারি সামগ্রী | পৃষ্ঠা-১৭ |
| স্যানিটারি সামগ্রীর অবস্থান | পৃষ্ঠা-১৮ |
| বেসিন | পৃষ্ঠা-১৯ |
| কমোড | পৃষ্ঠা-২০ |
| সিরামিক স্যানিটারি এক্সেসরিজ | পৃষ্ঠা-২১ |
| সতর্কতা ও যত্নআত্তি | পৃষ্ঠা-২২ |
| একনজরে | পৃষ্ঠা-২৩ |

## টাইলস

টাইলস শব্দটা এসেছে ফ্রেঞ্চ শব্দ 'টাইলে- tuile' থেকে, তবে এরও অনেক আগে ল্যাটিন ভাষায় 'টেগুলা-tegula' শব্দের দেখা মেলে। শুরুর দিকে অবশ্য টাইলস বলতে কেবল বাড়ির ছাদে ব্যবহৃত খণ্ড খণ্ড মাটির টালিকেই বোঝাতো। হাতে তৈরি সেসব টাইলস শিল্পকর্ম হিসেবেও সমাদৃত হয়েছে বিশ্বজুড়ে। প্রায় সাত হাজার বছর আগে মিসরীয় সভ্যতায় যে পোড়ামাটির টাইলস এর ব্যবহার শুরু হয়েছিল, সময়ের সাথে সাথে তা এখন মেঝে ও দেয়ালের অপ্রতিদ্বন্দ্বী নির্মাণ সামগ্রীতে পরিণত হয়েছে। প্রযুক্তির এগিয়ে যাওয়ার সাথে সাথে বেড়েছে টাইলস-এর গুণগত মান, ডিজাইনে এসেছে ভিন্নতা। এখন বাংলাদেশেই সর্বাধুনিক ন্যানো টেকনোলোজি ব্যবহার করে টাইলস উৎপাদন করছে স্টার সিরামিক্স।



### ন্যানো টেকনোলজি কী?

ফ্লোর টাইলসকে দাগ ও ময়লামুক্ত রাখার আধুনিক এক প্রযুক্তি। টাইলস অজস্র ছোট ছোট কনার সমন্বয়ে তৈরি হয়। ন্যানো টেকনোলোজির মাধ্যমে এই ক্ষুদ্রাতিক্ষুদ্র কনার মাঝে থেকে যাওয়া ছিদ্রগুলো (Micro Pores) সীলড করে দেয়া হয়। আমদানিকৃত মেশিনে মসৃন করার এই কাজে ব্যবহৃত হয় ন্যানো সাইজ সিরামিক পার্টিক্যালস, যাতে কোন ক্ষতিকারক রাসায়নিক পদার্থ নেই। কাজেই টাইলস হয় ময়লা প্রতিরোধী আর সমতল ও আরো চকচকে।

### কেন ন্যানো টেকনোলজি

- শতকরা ৯০ ভাগের বেশি গ্লসি হয়
- দাগ পড়ে না
- মসৃণতা অটুট থাকে
- দীর্ঘদিন ব্যবহার করা যায়
- পরিবেশ বান্ধব

## যেখান থেকে আসে কাচামাল

বিশ্বমানের টাইলস প্রস্তুতের লক্ষ্যে স্টার সিরামিক্স সব কাচামাল আমদানি করে থাকে ইতালি, স্পেন, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, চায়না প্রভৃতি দেশ থেকে।

# কেন টাইলস ব্যবহার করবেন?

ফ্লোর বা দেয়ালে টাইলস-এর পাশাপাশি আরো বিভিন্ন নির্মাণ সামগ্রী ব্যবহার হয়ে থাকে। একসময় মোজাইকের কাজ খুব জনপ্রিয় ছিল। মার্বেল বা গ্রানাইট ব্যবহার করা হয় অনেক ফ্লোরে। তবে স্থাপনের সময়, দীর্ঘস্থায়িত্ব, সৌন্দর্য্য, সহজ পরিচর্যা, সর্বোপরি সাধ্যের মধ্যে থাকার কারণে টাইলসই এখন সবচেয়ে জনপ্রিয়।

- মাটি দিয়ে তৈরি তাই স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব
- পছন্দসই ডিজাইন ও রঙ থেকে বেছে নেয়ার সুযোগ থাকে
- অল্প সময়ে স্থাপন করা যায় ও সহজে যত্ন নেওয়া যায়
- ভালোমানের টাইলস হলে দীর্ঘদিন রঙ ও সৌন্দর্য্য অটুট থাকে
- ৮০০-১৪০০ ডিগ্রী তাপমাত্রায় টাইলস তৈরি হয়, কাজেই শতভাগ হাইজেনিক
- টাইলস-এ আলোর প্রতিফলন ভালো হয়, তাই ঘরে উজ্জ্বলতা থাকে
- দেয়ালে ব্যবহারে রঙ করার প্রয়োজন হয় না
- দেয়ালে নোনা ধরার সম্ভাবনা একেবারেই থাকে না
- মেঝে সমতল থাকে, আঘাতে সহজে ভাঙ্গে না
- সহজে স্ক্র্যাচ বা মরিচা পড়ে না এবং আগুন প্রতিরোধী
- টাইলস সহজে প্রতিস্থাপন করা যায় ও রক্ষণাবেক্ষণ সহজ
- রান্নাঘরে ব্যবহারে সহজেই তেল চিটচটে ভাব এড়ানো যায়
- বাথরুম পরিচ্ছন্ন থাকে, জীবানুমুক্ত রাখতে সাহায্য করে
- উন্মুক্ত জায়গায় রাস্টিক টাইলস ব্যবহারে পিছলে যাওয়ার ভয় থাকে না
- মোজাইক ও মার্বেলের চেয়ে তুলনামূলক কম খরচ ও বেশিদিন টেকে
- ভবনের বাইরে ব্যবহারে আভিজাত্য প্রকাশ পায়
- রুচিশীল ও ব্যক্তিত্বের পরিচয় মেলে



# স্টার সিরামিক্স টাইলস-এর প্রকারভেদ

উৎপাদন প্রক্রিয়ার ভিত্তিতে

- ওয়াল টাইলস ( রেড বডি )
  - গ্লেজড টাইলস
    - প্লেইন টাইলস
    - রিএকটিভ টাইলস
    - ডেকোরেটিভ টাইলস
    - পাঞ্চ টাইলস
  - আনগ্লেজড/ম্যাট টাইলস
    - রাস্টিক টাইলস
    - ক্লাডিং টাইলস
    - পাঞ্চ টাইলস
- ফ্লোর টাইলস (হোয়াইট বডি)
  - ভিট্রিফাইড টাইলস/ গ্রেস পোরসেলেনতো টাইলস
    - ফুল বডি
      - পোরসেলিন
      - হোমোজিনাস
    - সল্যুবল সল্ট
    - ডাবল চার্জ
    - গ্লেজ ভিট্রিফাইড
      - ডিজিটাল প্রিন্ট
        - পলিশড
          - ফুল পলিশড
            - মিরর পলিশড
              - ন্যানো ক্রিস্টাল
              - ক্লাসিক ক্রিস্টাল
          - সেমি পলিশড
            - লাপাটো
        - আনপলিশড
          - স্টেইন
          - রাস্টিক

## ভিট্রিফাইড টাইলস কী?

স্বয়ংক্রিয় মেশিনে উৎপাদিত উন্নতমানের টাইলস যা মারবেল বা গ্রানাইটের পরিবর্তে ফ্লোরে ব্যবহার করা হয়। ভিট্রিফাইড টাইলস-এর ওয়াটার ও ফ্রস্ট রেজিস্ট্যান্স এর কারণে ঘরের বাইরে উন্মুক্ত জায়গাতেও ব্যবহৃত হয়। উপাদানসমূহকে হাইড্রোলিক প্রেসিং ও উচ্চ তাপমাত্রায় পুড়িয়ে উৎপাদন হয়।

## গ্রেস পোরসেলিন টাইলস কী?

গ্রেস পোরসেলিন ইতালি ভাষার শব্দ, কমপ্যাক্ট আর ক্ষুদ্র ছিদ্রহীন আধুনিক প্রযুক্তির ফ্লোর টাইলস এটি। উচ্চতাপমাত্রায় পুড়িয়ে উৎপাদিত গ্রেস পোরসেলিন টাইলস মানের দিক দিয়ে অপ্রতিদ্বন্দ্বী।

## টাইলস-এর পানি শোষণ ক্ষমতা

- ভিট্রিয়াস টাইলস ০.৫ - ৩%
- সেমিভিট্রিয়াস টাইলস ৩-৭%
- নন ভিট্রিয়াস টাইলস ৭%-এর বেশি
- ইমপারভিয়াস টাইলস ০.৫%-এর কম


## লক্ষ্য করুন

- সিরামিক টাইলস ৮০০-১০০০ ডিগ্রি তাপমাত্রায় পুড়িয়ে প্রস্তুতকৃত এবং সাধারণত রেড বডি হয়।
- পোরসেলিন/ভিট্রিফাইড টাইলস ১২০০ - ১৪০০ ডিগ্রি তাপমাত্রায় পুড়িয়ে প্রস্তুতকৃত এবং হোয়াইট বডি হয়।

*সিরামিক অপেক্ষায় ভিট্রিফাইড টাইলস মজবুত, দীর্ঘস্থায়ী ও অধিক ভারবহনে সক্ষম।*

## সিরামিক টাইলস

- পোড়ামাটির তৈরি
- যেকোনো দেয়ালে লাগানোর উপযোগী
- ছোট ও মাঝারি সাইজের পাওয়া যায়
- তুলনামূলক কম দাম



## মিরর পলিশড টাইলস

- বড় সাইজে পাওয়া যায়
- ফ্লোরের উপযোগী উন্নতমানের টাইলস
- চকচকে হয়, ঘরে উজ্জ্বলতা থাকে
- আলোতে প্রতিফলন বেশি হয়




## হোমোজিনাস টাইলস

- ফ্লোরের জন্য সাশ্রয়ী দামের টাইলস
- ছোট ও মাঝারি সাইজে পাওয়া যায়
- ভার বহন করতে সক্ষম ও টেকসই
- পুরো টাইলস একই উপকরনে তৈরি



## রাস্টিক টাইলস

- দেয়াল ও ফ্লোরের উপযোগী আধুনিক ডিজাইনের টাইলস
- ছোট ও মাঝারি সাইজে পাওয়া যায়
- বাড়ির বাইরের দেয়াল, বাগান, টেরাসের জন্য মানানসই
- ঘরের যে কোন এক দেয়ালে ব্যবহারে সৌন্দর্য্য বাড়ে



## ডেকোরেটিভ টাইলস

- অন্যান্য টাইলস-এর সাথে সৌন্দর্য বর্ধনে ব্যবহৃত হয়
- ছোট ও মাঝারি সাইজে পাওয়া যায়
- রান্নাঘর, বাথরুম ও টেরাসের জন্য মানানসই
- বিভিন্ন ডিজাইন ও কালার থিমে পাওয়া যায়



## লাপাটো টাইলস

- সেমি পলিশড টাইলস
- দীর্ঘদিন ব্যবহারেও থাকে অক্ষয়
- বাণিজ্যিক স্থানে ব্যবহারের উপযোগী
- বিভিন্ন সাইজে পাওয়া যায়



## কোথায় কি রকম টাইলস উপযোগী?

বিভিন্ন ডিজাইনের, সাইজের অনেক রকম টাইলস পাওয়া যায় বাজারে। এসব টাইলস-এর কাচামালেও থাকে ভিন্নতা। কোথায় কি রকম টাইলস উপযোগী তা নির্ভর করে সেই টাইলস-এর বৈশিষ্ট্যের উপর, একই সাথে আপনার পছন্দের উপর। খেয়াল রাখতে হবে একই বাসায় টাইলস-এর রঙ নির্বাচনের ক্ষেত্রে যেন সামঞ্জস্য থাকে। এই পরিচ্ছেদে বিভিন্ন জায়গায় ব্যবহারের ভিত্তিতে কি ধরনের টাইলস লাগানো যেতে পারে, তা সম্পর্কে ধারণা দেয়া হয়েছে।

### বেডরুম

- অপেক্ষাকৃত বড় ধরনের টাইলস ব্যবহার করুন, জয়েন্ট কম থাকলে ময়লা কম জমে
- উজ্জ্বলতা চাইলে মিরর পলিশড টাইলস ব্যবহার করুন
- ভিন্নতা আনতে যে কোন এক দেয়ালে রাস্টিক টাইলস ব্যবহার করতে পারেন
- রাস্টিক টাইলস-এর রঙ ফ্লোর টাইলস-এর সাথে সামঞ্জস্য রেখে বাছাই করুন
- দেয়ালের নিচ থেকে ছয় ইঞ্চি পর্যন্ত ফ্লোরের সাথে সামঞ্জস্যপূর্ণ টাইলস ব্যবহার করুন

### ড্রইংরুম

- উজ্জ্বল রঙের টাইলস ব্যবহার করতে পারেন
- পরিসর বেশি হলে বড় সাইজের টাইলস মানানসই হবে
- কাঠের টেকশ্চার পছন্দ থাকলে কাঠরঙের টাইলস লাগাতে পারেন
- ভিন্নতা আনতে যে কোন এক দেয়ালে রাস্টিক টাইলস ব্যবহার করতে পারেন

### ডাইনিং রুম

- টেবিলের পাশের দেয়ালে সিরামিক টাইলস ব্যবহার করুন
- সৌন্দর্য্যের জন্য দেয়ালে ডাইনিং রুমের উপযোগী ডেকোর টাইলস ও বর্ডার টাইলস ব্যবহার করতে পারেন
- মেঝেতে ড্রয়িং রুমের সাথে মিল রেখে বড় সাইজের টাইলস ব্যবহার করুন

# কোথায় কি রকম টাইলস উপযোগী?

## রান্নাঘর
- ছোট রান্নাঘরে মেঝেতে ছোট সাইজের টাইলস মানানসই
- গাঢ় রঙ-এর টাইলস ব্যবহারে সহজে ময়লা হবে না, তবে ডাইনিং রুম থেকে রঙে খুব পার্থক্য না করাই শ্রেয়
- দেয়ালে রান্নাঘরের সাথে মানানসই ডেকোর ও বর্ডার টাইলস ব্যবহার করুন
- দেয়ালে সিরামিক টাইলস ব্যবহার করুন, তেল চিটচিটে ভাব সহজেই দূর করা যায়

## বাথরুম
- পরিসর ছোট হলে ছোট মেঝেতে ছোট সাইজের টাইলস ব্যবহার করুন
- দেয়ালে ফ্লোরের সাথে মানানসই ডিজাইনের সিরামিক টাইলস ব্যবহার করুন
- পিচ্ছিল ভাব দূর করতে মেঝেতে হোমোজিনাস/নন-স্কিড টাইলস বেছে নিন
- বাথরুমে সৌন্দর্য্য আনতে দেয়ালে ডেকোর ও বর্ডার টাইলস ব্যবহার করুন

## লিভিং রুম
- ড্রয়িং রুমের সাথেই ফ্যামিলি লিভিং রুম থাকে, তাই ড্রয়িং রুমের সাথে সামঞ্জস্য রাখুন
- ফ্যামিলি লিভিং-এ কাঠের টেকশ্চার-এর টাইলস মানানসই
- ফ্লোরে রাস্টিক টাইলসও বাড়তি সৌন্দর্য্য যোগ করবে
- দেয়ালে রাস্টিক টাইলস লাগাতে পারেন, আলোর বিপরীতে ভালো দেখায়

## জানালার সিল লেভেলের উপর
- বৃষ্টির পানি ও ধুলোবালি পারিস্কার রাখার জন্য জানালার সিল লেভেলে মিরর পলিশড টাইলস ব্যবহার করা যায়



অকৃত্রিম প্রশান্তির আপন রূপ

## ছাদ/টেরাস/উন্মুক্ত বারান্দা
- মেঝের উপযোগী রাস্টিক টাইলস পাওয়া যায়, টেরাসের জন্য উপযোগী
- সহজে পিছলে যায় না এমন রাস্টিক টাইলস বেছে নিন
- বড় ছাদ হলে কয়েক রকম টাইলস দিয়ে ডিজাইন করে ফ্লোর করা যেতে পারে

## সিড়িঘর
- সিড়িঘরের ল্যান্ডিং-এ হোমোজিনাস টাইলস ব্যবহার করুন
- নিরাপত্তার স্বার্থে সিড়িতে অবশ্যই গ্রিপ দেয়া স্টেয়ার টাইলস ব্যবহার করুন
- লিফট-এর দেয়ালে বড় সাইজের সিরামিক টাইলস ব্যবহার করুন
- পরিচ্ছন্ন রাখতে সিড়ির পাশের দেয়ালেও সিরামিক টাইলস ব্যবহার করুন

## বাউন্ডারি ওয়াল ও বাড়ির সম্মুখ ভাগ
- বাইরের বাউন্ডারি ওয়ালে রাস্টিক ওয়াল টাইলস উপযোগী
- রাস্টিক এর সাথে সামঞ্জস্যপূর্ণ বর্ডার টাইলস ব্যবহার করুন
- বাড়ির সম্মুখভাগে রাস্টিক টাইলস, ডেকোর টাইলস উপযোগী


## জলাধার বা ওয়াটার বডি
- নান্দনিক জলাধার বা অ্যাকুরিয়ামের জন্য ফিচার ওয়ালে রাস্টিক টাইলস বা টেকশ্চার টাইলস ব্যবহার করতে পারেন


## টাইলস সেট ডিজাইন

রান্নাঘর, বাথরুম, ডাইনিং রুমের দেয়ালে প্রায় সাত ফুট উচ্চতা পর্যন্ত টাইলস লাগানো হয়। ঢালাওভাবে একরঙা টাইলস লাগালে তা খুবই একঘেয়ে দেখায়। এ কারণে স্টার সিরামিক্স-এর রয়েছে অসংখ্য সেট ডিজাইন।

## কেন সেট ডিজাইন ?

- স্ট্যান্ডার্ড মাপে সেট থাকে
- কাটিং পিস-এর প্রয়োজন নেই।
- বিভিন্ন ডিজাইন থিমে পাওয়া যায়
- আধুনিক, নতুনত্ব আছে, দেখতে সুন্দর





## ফ্লোর টাইলস সেট ডিজাইন

বিভিন্ন জ্যামিতিক ও ক্লাসিক নকশায় স্টার সিরামিকস-এর রয়েছে ফ্লোর টাইলস-এর বিশাল সংগ্রহ চারটি টাইলস মিলিয়ে একটি সেট ডিজাইন হয়ে থাকে

লাইট কালার টাইলস, যা সাধারণ দেয়ালের উপরের অংশে লাগানো হয়।



পুরো সেটের সাথে থিম মিলিয়ে ডেকোর টাইলস থাকে। প্লেন টাইলস উপর আধুনিক প্রযুক্তিতে নকশা করে এই টাইলস তৈরি হয়। ডিজাইন করে নির্দিষ্ট দূরত্ব পরপর ডেকোর টাইলস লাগালে তা যোগ করে বাড়তি আভিজাত্য।



ডীপ ও লাইট টাইলস-এর মাঝে সরু সাইজের বর্ডার টাইলস লাগানো হয়, যা একই থিমে ডিজাইন করা থাকে।



ডীপ কালার টাইলস, যা সাধারণত দেয়ালের নিচের অংশে লাগানো হয়।



একই সেটের সাথে মিলিয়ে ফ্লোর টাইলস



star ceramics™

# টাইলস কেনার সময় সতর্কতা

দুটি একই টাইলস পাশাপাশি নিয়ে রঙ ও শেপ মিলিয়ে নিন


ফ্লোর টাইলস-এর ক্ষেত্রে চারটি টাইলস পাশাপাশি রেখে কোনা ও জয়েন্ট মিলিয়ে নিন

মিরর পলিশড টাইলস-এ আলোর প্রতিফলন লাইটের নিচে ধরে দেখতে পারেন

টাইলস কতটা পানি শোষণ করে তার একটা স্ট্যান্ডার্ড আছে, আপনার পছন্দের ব্র্যান্ড সেটির ভেতরে কিনা জেনে নিন

যে টাইলস লাগাচ্ছেন তার ভার বহন ক্ষমতা থাকতে হবে

ঘরের ক্ষেত্রফল বিবেচনা করে ফ্লোর টাইলস-এর সাইজ নির্বাচন করুন, বড় পরিসরে বড় টাইলস মানানসই




স্টার সিরামিক্সের প্যাকেটে মুদ্রিত বিভিন্ন তথ্য

টাইলস ক্রয়ের সময় প্যাকেটের, চয়েজ, রেফারেন্স, ক্যালিবার ও শেড নাম্বার মিলিয়ে নিন।

**প্রয়োজনীয় পরিমাণ অনুযায়ী একসাথে টাইলস অর্ডার করলে কালার শেড পার্থক্য হয় না।**

## টাইলস নির্বাচনের ক্ষেত্রে খেয়াল করুন

টাইলস কেনার সময় কিছু প্রযুক্তিগত শব্দের সাথে আপনার পরিচিত হতে হবে, এছাড়া টাইলস কেনার সময় এর ডিজাইন, সাইজ, কোয়ালিটি, ডেলিভারি সুবিধা, প্রয়োজনীয় পরিমাণে আছে কি না এবং বিক্রয় পরবর্তী সুবিধা কি কি জেনে নিতে হবে।

## পানি শোষন ক্ষমতা

- একটি টাইলস পানির সংস্পর্শে আসলে কত ভাগ পানি শোষন করে, তাই পানি শোষন ক্ষমতা
- যত কম পানি শোষন করবে তত ভালো মানের টাইলস
- বেশি পানি শোষনকারী টাইলস সহজে ভেঙে যেতে পারে, ধীরে ধীরে উজ্জ্বলতা হারাবে

## সারফেস ফ্লাটনেস

- টাইলস পাশাপাশি রেখে সমতলতা যাচাই করুন
- সবসময় টাইলস-এর সাইজ যাচাই করে কিনুন

বিভিন্ন টাইলস-এর পানি শোষণ ক্ষমতা
- ফ্লোর টাইলস ৩-৭%
- ওয়াল টাইলস ১০-২০%
- পোরসেলিন ফ্লোর টাইলস ০.৫% এর কম
- মিরর পলিশড টাইলস ০.৫% - ৩%

## ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড যাচাই

টাইলস-এর প্রযুক্তিগত দিক এর সবগুলোর ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড রয়েছে, এর সাথে আপনার পছন্দের টাইলস-এর স্ট্যান্ডার্ড মিলিয়ে নিন। এখানে উদাহরনস্বরূপ স্টার সিরামিক্স-এর স্ট্যান্ডার্ড দেখানো হয়েছে।

### ওয়াল টাইলস

| বর্ণনা | ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড | স্টার সিরামিকস স্ট্যান্ডার্ড |
|---|---|---|
| দৈর্ঘ্য ও প্রস্থ | +/- ০.৬% | +/- ০.৩% |
| পুরত্ব | +/- ৫% | +/- ৫% |
| স্ট্রেইথনেস অব সাইডস | +/- ০.৫% | +/- ০.৩% |
| পানি শোষণ ক্ষমতা | ≥১০% - ≤১৬% | ≤১৬% |
| সারফেস ফ্লাটনেস | +/- ০.৫% | +/- ০.৩% |
| থারমাল শক রেজিস্টেন্স | নো ড্যামেজ | নো ড্যামেজ |
| রেজিস্টেন্স টু কেমিক্যাল | নো ড্যামেজ | নো ড্যামেজ |
| ক্রেজিং রেজিস্টেন্স | নো ক্রেজিং | নো ক্রেজিং |

### ফ্লোর টাইলস

| বর্ণনা | ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড | স্টার সিরামিকস স্ট্যান্ডার্ড |
|---|---|---|
| দৈর্ঘ্য ও প্রস্থ | +/- ০.৮% | +/- ০.১৫% |
| পুরত্ব | +/- ৫% | +/- ৫% |
| স্ট্রেইথনেস অব সাইডস | +/- ০.৫% | +/- ০.২% |
| পানি শোষণ ক্ষমতা | ≤০.৫% | ≤০.৩৫% |
| সারফেস ফ্লাটনেস | +/- ০.৫% | +/- ০.২৫% |
| থারমাল শক রেজিস্টেন্স | নো ড্যামেজ | নো ড্যামেজ |
| রেজিস্টেন্স টু কেমিক্যাল | নো ড্যামেজ | নো ড্যামেজ |
| ক্রেজিং রেজিস্টেন্স | নো ক্রেজিং | নো ক্রেজিং |



## সাইটে টাইলস সংরক্ষণ

- টাইলস পরিবহনের ক্ষেত্রে অভিজ্ঞ কর্মী বেছে নিন, অসাবধানতায় টাইলস ভেঙে যেতে পারে
- টাইলস রাখার সময় খুব সাবধানে রাখতে হবে ও যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে
- নিচের দিকে অপেক্ষাকৃত বড় টাইলস রেখে উপরে ছোট সাইজের টাইলস রাখুন
- টাইলস এনে সাইটে খাড়াভাবে পাশাপাশি সাজিয়ে রাখুন
- মিরর পলিশড টাইলস-এর ক্ষেত্রে বাড়তি সতর্কতা স্বরূপ খেয়াল রাখতে হবে যেন স্ক্র্যাচ না পড়ে
- টাইলস-এর কোনায় আঘাত লাগলে ভেঙে যেতে পারে, তাই সতর্কতার সাথে পরিবহন করুন
- ব্যবহারের আগ পর্যন্ত টাইলস-এর মোড়ক খোলা উচিত নয়
- ব্যবহারের অসাবধানতায় ভবিষ্যতে এক দুটো টাইলস প্রতিস্থাপন করতে হতে পারে, কাজেই একই ডিজাইনের কয়েকটি টাইলস কিনে সংরক্ষণে রাখুন।



**পরিস্কার ও শুষ্ক স্থানে নির্দেশনা অনুযায়ী টাইলস সংরক্ষণ করুন**

# টাইলস বসানোয় সতর্কতা

**টাইলস বসানোর পূর্বে**

## সাইট পরিস্কার

১


- যেখানে টাইলস লাগাবেন সেই জায়গা আগে থেকে পরিষ্কার করে নিতে হবে
- সিরামিক ওয়াল টাইলস ব্যবহারের পূর্বে ১০-১৫ মিনিট পানিতে ভিজিয়ে রাখতে হবে
- যে প্যাটার্নে টাইলস লাগাতে হবে তা কাগজে এঁকে তারপর ফ্লোরে সুতা দিয়ে লে-আউট করে নিতে হবে



## ফ্লোর লেভেল ও মর্টার প্রস্তুত

২

- ওয়াটার লেভেল করে ফ্লোরের লেভেলিং ঠিক করে নিতে হবে
- টাইলস বসানোর জন্য মর্টারের অনুপাত হবে ১:৩ অথবা ১:৪
- মর্টার নির্দিষ্ট দিনেই ব্যবহার করতে হবে, আগে থেকে প্রস্তুত মর্টার ব্যবহার করা যাবে না



## মর্টারের উচ্চতা

৩

- মর্টারের উচ্চতা ২ থেকে ৩ সেন্টিমিটার এর মধ্যে হতে হবে
- সিমেন্ট মিকশ্চার ছাড়াও রেডি মিক্স সিমেন্ট মিকশ্চার ব্যবহার করা যেতে পারে



**টাইলস বসানোর সময়**

## রাবার হাতুরি ব্যবহার

৪

- টাইলস বসানোর সময় লোহার পরিবর্তে রাবারের হাতুড়ি ব্যবহার করতে হবে
- টাইলস বসানোর পর নিচে যেন সিমেন্ট বালির মিকশ্চার সুষমভাবে বসে



## টিক মার্ক অনুসরণ

৫


- টাইলস লাগানোর সময় অবশ্যই পেছনে খোদাইকৃত টিক মার্ক/লোগো অনুসরন করতে হবে
- টাইলস-এর নিচে ফাকা (ভয়েড) থেকে গেলে পরে হালকা প্রেশারেই ভেঙে যেতে পারে



# টাইলস বসানোয় সতর্কতা

## টাইলস বসানোর সময়

### ৬ স্পেসার ব্যবহার



- স্পেসার ব্যবহার করে টাইলস লাগালে গ্যাপ সুষম ও লেভেল এক হয়
- দুটি টাইলস-এর মাঝে ২ থেকে ৩ মিলিমিটার গ্যাপ দিলে জয়েন্ট মজবুত হয়
- গ্যাপ নির্দিষ্ট থাকলে প্রতিস্থাপন সহজ হয়, সহজে পরিষ্কার করা যায়

### ৭ টাইলস কাটার ব্যবহার



- টাইলস কাটতে উপযুক্ত টাইলস কাটার ব্যবহার করুন
- টাইলস কাটার ব্যবহারে টাইলসের কোনা হয় নিখুঁত যা সৌন্দর্য্য ধরে রাখতে অত্যান্ত জরুরি

## টাইলস বসানোর পরে

### ৮ টাইলস বসানোর পর মেঝে পরিস্কার করণ



- টাইলস বসানোর পর অতিরিক্ত বালি ও সিমেন্ট কাপড় দিয়ে মুছে ফেলতে হবে
- মেঝেতে টাইলস বসানোর পর ২৪-৪৮ ঘণ্টা খোলা রেখে দিতে হবে
- ৪৮ ঘণ্টা পর্যন্ত কেউ টাইলস-এর উপর দিয়ে হাটা চলা করতে পারবে না

### ৯ গ্রাউট বা পুটিং ব্যবহার



- নির্ধারিত সময় পরে স্পেসার আলতোভাবে উঠিয়ে ফেলতে হবে
- বাড়ির রঙের কাজ শেষ হলে গ্রাউট বা পুটিং বসাতে হবে, তা না হলে দেয়ালের ধুলা পড়ে গ্রাউট ময়লা হয়ে যেতে পারে

### ১০ সিলার ব্যবহার



- গ্রাউট বসানোর সময় সঠিকভাবে গ্যাপ পূরণ হচ্ছে কিনা দেখতে হবে
- সিলার দিয়ে গ্রাউটকে আরো মজবুত করতে হবে
- উৎপাদিত প্রতিষ্ঠানের নির্দেশ অনুসারে নির্দিষ্ট সময় পর্যন্ত গ্রাউটকে শুকাতে দিন



## টাইলস এর যত্ন

● কোনো ধরনের কালচে দাগ যেন না হয়, সে জন্য প্রতিদিনই ঘর পানি দিয়ে মুছতে হবে।
● টাইলসের ওপর যেন পানি জমে না থাকে, সেদিকে খেয়াল রাখতে হবে।
● সাধারণত টাইলসের জোড়া লাগানো স্থানের কোনায় কোনায় ময়লা জমে কালচে দাগ পড়ে, তাই সপ্তাহে অন্তত এক দিন ডিটারজেন্ট পাউডার গোলা পানি কিংবা ফোমে সাবান বা লিকুইড ক্লিনার ব্যবহার করা যেতে পারে।
● টাইলসের ফাঁকে যে দাগ থাকে, তা পরিষ্কারের জন্য ব্রাশ ব্যবহার করতে পারেন। এতে খুব সহজেই টাইলসের দাগ উঠে যাবে।
● খুব শক্ত ব্রাশ ব্যবহার করবেন না, এতে স্ক্র্যাচ পড়ে যেতে পারে।
● রান্নাঘরের টাইলসে ময়লা পড়ার আশঙ্কা থাকে সবচেয়ে বেশি। তাই লিকুইড ক্লিনার দিয়ে সবসময় কিংবা রান্নার পরপরই পরিষ্কার করে রাখতে হবে।
● প্রতিদিন ঘর মোছার মতো শুকনো পরিষ্কার কাপড় পানিতে ভিজিয়ে ঘরের প্রতিটি কক্ষ পরিষ্কার করে রাখতে হবে। তবে লক্ষ রাখতে হবে, পানি দিয়ে পরিষ্কার করার সময় যেন মেঝে পিচ্ছিল যেন না হয়ে যায়।
● তেল, চর্বিজাতীয় দাগ পড়ে টাইলস যেন নষ্ট না হয়, সে জন্য যেসব স্থানে দাগ পড়বে সঙ্গে সঙ্গে তা সাবানের পানি দিয়ে পরিষ্কার করতে হবে।
● দেয়ালের সিরামিক-টাইলস পরিষ্কার করার জন্য ব্যবহার করতে পারেন সুতির শুকনো কাপড়।
● এক বালতি গরম পানির মধ্যে আধা কাপ ভিনেগার মিশিয়ে ফ্লোর মোছা হলে দাগ দূর হওয়ার পাশাপাশি টাইলসের ব্যাকটেরিয়াও ধ্বংস হবে।
● রোগজীবাণুমুক্ত রাখতে সপ্তাহে অন্তত একবার এন্টিসেপটিক পানির সঙ্গে মিশিয়ে ঘর পরিষ্কার করতে হবে।
● টাইলস-এর উপর দিয়ে ভারি আসবাব টেনে সরাবেন না, উচু করে স্থানান্তর করুন।
● দোকানপাট ও বাণিজ্যিক ব্যবহারের জায়গায় টাইলস-এর ক্ষেত্রে বাড়তি যত্ন প্রয়োজন হবে।




# স্যানিটারি সামগ্রী

আপনার রুচির চমৎকার পরিচয় পাওয়া যায় যখন আপনার অন্দরসজ্জার সৌন্দর্য ছড়িয়ে পড়বে বাথরুমেও। নান্দনিক আবহটুকু পরিব্যাপ্ত হয় বাথরুমের সর্বত্র। কমোড, বেসিন, কেবিনেট, আয়না আর শৌখিন কিছু সামগ্রীর ব্যবহারে ছোট পরিসরের বাথরুমেও ফুটিয়ে তোলা হচ্ছে স্নিগ্ধতার আবেশ। এগুলো কেবল দেখতে বাহারি আর রংচঙ্গা হলেই হবে না, কাজের বেলায় একদম ফিট হওয়া চাই। স্যানিটারি আইটেম নির্বাচনে নিজের পছন্দ আর স্বাচ্ছন্দের বিষয়টিকে গুরুত্ব দিন, পাশাপাশি গুণগত মান যাচাই করে নিন। এ পরিচ্ছেদে আমরা স্যানিটারি সামগ্রী সম্পর্কে প্রাথমিক ধারণা দিয়েছি।





star ceramics





# স্যানিটারি সামগ্রীর অবস্থান

যেখানে বেসিন থাকে — ড্রাই জোন বা শুষ্ক ভাগ

যেখানে কমোড থাকে — সেমি ড্রাই জোন/ অর্ধ শুষ্ক ভাগ

যেখানে গোসলের জায়গা থাকে — ওয়েট জোন / ভেজা ভাগ

## কেন এই জোনিং?

- বাথরুম সারাক্ষণ ভেজা থাকে না
- বেসিন ব্যবহার করতে পারছেন শুষ্ক জায়গায় দাঁড়িয়ে
- গোসলের সময় পানি পুরো বাথরুমে ছড়াবে না, এতে পিছলে পড়ার ঝুঁকি কমে যায়

## বাথরুমের জানালা

- বাথরুমে জানালা ছোট না করে বড় করুন
- প্রয়োজনে জানালার নিচের অংশে ঘোলাটে গ্লাস ব্যবহার করে প্রাইভেসি আনুন
- বড় জানালায় বাথরুম স্যাতসেতে থাকে না ও সহজে বাতাস চলাচল করে
- দিনের বেলায় লাইট জ্বালানোর প্রয়োজন নেই, প্রাকৃতিক আলোতে আলোকিত থাকে
- বাতাস চলাচল থাকায় দুর্গন্ধ কম হয়

### লক্ষ করুন

- বাথরুম ও বারান্দায় ফ্লোর টাইলস বসানোর ক্ষেত্রে অবশ্যই প্রয়োজনীয় ঢাল/স্লোপ রাখুন
- ঢাল/স্লোপ না থাকলে পানি বা ময়লা জমে টাইলস নষ্ট হয়ে যেতে পারে

# বেসিন

একই বাথরুমে বিভিন্ন থিমে বেসিন বা কমোড নির্বাচন না করে, একই রঙ বা ডিজাইনের বাছাই করা উচিত। বেসিন ব্যবহারের পর শুকনো রাখা ভালো। কারণ পানির ভেতর থাকা আয়রনের দাগ বসে না।

## ওয়াল মাউন্টেড বেসিন



### ওয়াল মাউন্টেড বেসিন

- সরাসরি দেয়ালের সাথে লাগানো হয়
- বেসিনের সাথে সংযুক্ত পাইপ উন্মুক্ত থাকে
- তুলনামূলক কম দাম
- ছোট পরিসরের জন্য ভালো

## পেডেস্টাল বেসিন



- দেখতে সুন্দর, যে কোন জায়গাতে উপযোগী
- কমোডের সাথে রঙ ও থিম মিলিয়ে পাওয়া যায়
- পাইপ পেডেস্টাল দিয়ে ঢেকে সুরক্ষিত থাকে

## ওভার কাউন্টার বেসিন



- টাইলস স্লাবের উপর বসানো থাকে
- ডাইনিং রুম, ওপেন কিচেন, সুপরিসর টয়লেটে ব্যবহার উপযোগী
- টাইলস বসানোর আগে থেকেই স্লাব করে রাখতে হয়

## আন্ডার কাউন্টার বেসিন



- টাইলস স্লাবের নিচে বসানো থাকে
- রেস্টুরেন্ট, কনভেনশন হল, পাশাপাশি কয়েকটি বেসিন বসাতে হয়, এমন জায়গাতে উপযোগী
- টাইলস বসানোর আগে থেকে স্লাব করে রাখতে হয়

### স্যানিটারি সামগ্রী যে রঙ ও শেডে পাওয়া যায়

| | |
|---|---|
| আলপাইন হোয়াইট | একুয়া ভার্ডে |
| ব্লু | গ্রে |
| আইভরি | পিংক |
| রুবি রেড | রেইন ফরেস্ট গ্রিন |
| ডিপ সি ব্লু | কোরাল পিংক |



star ceramics



# কমোড
(ক্লোজড কাপল)

আমাদের দেশে মূলত দুই ধরনের কমোড বহুল ব্যবহৃত হয়। যার একটি হচ্ছে হাই কমোড বা ওয়েস্টার্ন কমোড, অন্যটি লো কমোড যা প্যান নামে অনেকের কাছে পরিচিত।

## ওয়েস্টার্ন কমোড (এস ট্র্যাপ)



- মেঝের সাথে সেট করা হয়
- পেছনের দেয়াল ৫ ইঞ্চি হলেই চলবে
- পানি নিষ্কাষণ সহজতর
- অল্প পরিসরে স্থাপন করা যায়

## লো কমোড (প্যান)



- তুলনামূলক বেশি জায়গা প্রয়োজন
- কমন টয়লেটের ক্ষেত্রে ব্যবহার হয়
- সরাসরি দেহের সংস্পর্শে না আসায় জীবানুর সংক্রমন কম হয়
- বাথরুমে জোন আলাদা করা যায় না

## হেলথ টিপস

- কোন পেশীতে চাপ না দিয়েই আরামে বসা যায়
- বয়স্কদের বসতে সুবিধা হয়
- আথ্রাইটিস আছে এবং সম্প্রতি অপারেশন হয়েছে এমন ব্যক্তিদের জন্য উপযোগী
- গর্ভবতী মায়েদের জন্য আদর্শ
- বাথরুম জীবানুমুক্ত রাখা যায়

কেন হাই কমোড ব্যবহার করবো?

## ফ্ল্যাশে ডাবল পুশ থাকার সুবিধা




- প্রয়োজন অনুযায়ী কম-বেশি পানি ব্যবহার করা যায়
- পানির অপচয় কম হয়
- পরিবেশ বান্ধব

# সিরামিক স্যানিটারি এক্সেসরিজ




বাথরুমে কমোড বেসিনের পাশাপাশি নানাবিধ এক্সেসরিজ দরকার হয়। সীমিত জায়গা থাকে বলে এই এক্সেসরিজগুলোই সব জিনিসপত্র রাখতে কাজে দেয়। স্টার সিরামিক্স টাইলস বেসিন কমোডের একই থিমে নানাবিধ এক্সেসরিজ উৎপাদন করছে।

শেলফ



স্যোপ হোল্ডার





টয়লেট পেপার হোল্ডার



টাওয়েল রেইল হোল্ডার

প্রোডাক্ট স্টান্ডার্ড

| বৈশিষ্ট্য | স্টার স্ট্যান্ডার্ড |
|---|---|
| পানি শোষণ ক্ষমতা | ০.০১-০.১% |
| মডিউলাস অফ রাপচার | ৬০০-৬৫০ কেজি/সেমি² |
| কেমিকেল রেজিস্টেন্স | রেজিস্ট |
| ক্রেজিং রেজিস্টেন্স | রেজিস্ট |
| স্টেইনিং রেজিস্টেন্স | রেজিস্ট |
| বার্নিং রেজিস্টেন্স | রেজিস্ট |

## কেন সিরামিকের এক্সেসরিজ ব্যবহার করবেন?

- প্লাস্টিক ও স্টিলের চেয়ে সিরামিক এক্সেসরিজ অধিক নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও দীর্ঘস্থায়ী
- বেসিন কমোডের সাথে সামঞ্জস্যপূর্ণ
- জং পড়ার বা রং চটে যাওয়ার ভয় নেই
- সাবান, টয়লেট পেপার থাকে সুরক্ষিত
- ইকোনোমি সাইজে তৈরি, ছোট টয়লেটেও মানানসই




star ceramics

# সতর্কতা ও যত্নআত্তি

## স্যানিটারি আইটেম ক্রয়ের সময় যা খেয়াল রাখা উচিত

- আপনার বাথরুমের জায়গা অনুসারে বেসিন কমোডটি মানানসই কিনা
- টাইলস-এর থিমের সাথে মানানসই কিনা
- প্রোডাক্ট গ্রহণ করার পূর্বে কমোড বা বেসিনের সিরামিক বডিতে কোথায় লিক বা ফাটল আছে কিনা
- ফ্ল্যাশের ওয়াটার রিজার্ভারে পানির পরিমাণ কত
- ফ্ল্যাশে সিঙ্গেল পুশ-ডাবল পুশের সুবিধা আছে কিনা, এতে পানি অল্প/বেশি খরচ করা যায়
- পানি শোষণ ক্ষমতা হবে ০.০১% থেকে ০.১% এর ভেতরে





## স্যানিটারি আইটেম স্থাপনের সময় সতর্কতা

- বাথরুমের লেভেল ঠিক আছে কিনা, পানি নির্গমনের জন্য একদিনে ঢাল থাকবে
- বেসিন একদম সমতলে বসতে হবে, ওয়াটার লেভেল করে ঠিক করে নিতে হবে
- বেসিনের আদর্শ উচ্চতা ৩২ ইঞ্চি থেকে ৩৬ ইঞ্চি
- কমোড অবশ্যই টাইলস-এর উপর বসাতে হবে, টাইলস কেটে কমোড বসানোর কোন প্রয়োজন নেই
- কমোডের হ্যান্ড শাওয়ার ও টয়লেট পেপার হোল্ডার সুবিধাজনক দূরত্বে আছে কিনা




## স্যানিটারি আইটেমের যত্ন

- প্রতিবার কমোড ব্যবহারের পর ফ্ল্যাশ করুন
- ফ্লাশ করার আগে কমোডের ঢাকনা নামিয়ে নিন
- টয়লেট ক্লিনার দিয়ে সপ্তাহে অন্তত একবার ভালভাবে পরিষ্কার করুন
- সাদা ভিনেগার বা ক্লিনার দিয়ে একইভাবে বেসিন পরিষ্কার করুন
- বেসিনে ও মেঝের পানি বের হয়ে যাওয়ার জালিতে ন্যাপথলিন রাখুন



## কেন স্টার সিরামিক্স স্যানিটারি সামগ্রী ব্যবহার করবেন?

- সাশ্রয়ী মূল্যে আন্তর্জাতিক মানের জন্য
- সফট ক্লোজ স্টেনলেইস স্টিলের হিঞ্জ (কবজা) ব্যবহার করা হয়
- র‍্যাপ ওভার সিট কভার
- পানি সাশ্রয়ী ইউরোপিয়ান ফ্লাশ ইউনিট



# এক নজরে

### টাইলস এর উপর কীভাবে টাইলস বসানো যায়?

- হ্যা যায়, তবে আগের ফ্লোর টাইলস বা মোজাইক যাই হোক, একদম সমতল থাকা চাই
- এক্ষেত্রে সিমেন্টের পরিবর্তে রেডিমিক্স সিমেন্ট মিকশ্চার জাতীয় টাইলস এডহেসিভ ব্যবহার করা শ্রেয়
- ফ্লোরের উচ্চতা বেশি হয়ে যাচ্ছে কিনা খেয়াল করুন

### স্কয়ারিং, শ্যাম্পায়ারিং ও লেজার কাটিং কী

- টাইলস চারপাশে সমান করে কাটার পদ্ধতি হলো স্কয়ারিং
- ফ্লোর টাইলস-এর ক্ষেত্রে এইজ কেটে দেওয়ার প্রক্রিয়া হলো শ্যাম্পায়ারিং
- লেজার রশ্মির সাহায্যে সঠিক মাপে সাইজ কাটার প্রক্রিয়া হলো লেজার কাটিং
- আধুনিক এই প্রযুক্তির ফলে টাইলস-এর সাইজ ও শেপ অভিন্ন থাকে

### টাইলস এর উপর প্রিন্ট করা হয় কীভাবে?

- তিনটি প্রযুক্তির মাধ্যমে টাইলস-এর উপর প্রিন্ট করা হয়। এগুলো হল রোটো, স্ক্রিন আর ডিজিটাল প্রিন্ট
- রোটো হল এক ধরনের টাইলস-এর প্রিন্ট টেকনোলজি, যার মাধ্যমে রোলারের সাহায্যে টাইলস-এ ইউনিক ডিজাইন প্রিন্ট করা হয়
- অটোমেটেড মেশিনের সাহায্যে ডিজিটাল প্রিন্ট করা হয় এতে কালার শেড অভিন্ন থাকে
- স্ক্রিন প্রিন্টে ডিজিটাল উপায়ে ছাপ প্রয়োগের মাধ্যমে টাইলস-এর উপর নকশা করা হয়।

### টাইলস বসানোর পর কী ভেঙ্গে যেতে পারে?

- শুধুমাত্র তখনই টাইলস ভেঙে যেতে পারে, যদি টাইলস-এর নিচে সিমেন্ট বালি সঠিকভাবে না বসে, গ্যাপ থেকে যায়।
- একটা দুটো টাইলস ভেঙে গেলে সহজেই তা পরিবর্তন করে নেয়া যায়
- টাইলস কেনার সময় একটি দুটি টাইলস কিনে সংরক্ষণ করুন, যাতে পরবর্তীতে একই রকমের টাইলস দিয়ে প্রতিস্থাপন করা যায়

### টাইলস এর হাইলাইটার কী?

- অনেকগুলো একই রঙের টাইলস-এর মধ্যে অন্য কোন রঙের বা ডিজাইনের টাইলস-এর ব্যবহারকে হাইলাইটার বলে
- হাইলাইটার ব্যবহারে পুরো টাইলস সেটের চাকচিক্য বহুগুণে বেড়ে যায়
- স্টার সিরামিক্স-এর ডেকোর ও বর্ডার টাইলস এর ভালো উদাহরণ

# এক নজরে

## টাইলস লাগানোতে স্পেসার কেন?

- স্পেসার হল প্লাস্টিকের তৈরি + আকৃতির একটি বস্তু, যা সমতল করে নির্দিষ্ট গ্যাপে টাইলস লাগাতে ব্যবহৃত হয়
- স্পেসার ব্যবহার করলে সব জায়গাতে সমান গ্যাপ রাখা যায় আর উচুনিচু হয় না
- স্পেসার দামে খুবই সস্তা আর টাইলস লাগানোর পর উঠিয়ে ফেলা হয়
- ভবিষ্যতে টাইলস পরিবর্তনের ক্ষেত্রে পাশ্ববর্তী টাইলস-এর ক্ষতির সম্ভাবনা কম থাকে
- এক্সপানশন ইফেক্টের জন্য স্পেসার ব্যবহার করা ভালো। এক্ষেত্রে টাইলস-এর মাঝে পয়েন্টিং ব্যবহার করার ফলে তাপমাত্রা কিংবা আবহাওয়ার তারতম্য ঘটলে টাইলসের ক্ষতি হয় না।

## গ্রাউট কী? এর কাজ কী?

- গ্রাউট একরকম রাসায়নিক দ্রব্য, টাইলস-এর জয়েন্টে ব্যবহৃত হয়
- গ্রাউট ব্যবহারে জয়েন্টে ধুলাবালি জমতে পারে না
- গ্রাউট ব্যবহারের জয়েন্ট মজবুত হয়

## টাইলস এর সাইজ কোথাও ফিটে কোথাও মিটারে কেন?

- আন্তর্জাতিকভাবে সব মেশিনে টাইলস তৈরি হয় মিটার স্কেলে, প্রচলিতভাবে আমরা তা ফিট-ইঞ্চিতে ব্যবহার করি
- পাঠকের সুবিধার্তে আমরা কিছু মাপ দিয়ে দিচ্ছি

| | | |
|---|---|---|
| ১ মিটার | = | ৩.২৮ ফিট |
| ১ মিটার | = | ১০০ সেন্টিমিটার |
| ১ স্কয়ার ফিট | = | ১৪৪ স্কয়ার ইঞ্চি |
| ১ স্কয়ার মিটার | = | ১০.৭৬৪ স্কয়ার ফিট |
| ১ ফিট | = | ৩০.৪৮ সেন্টিমিটার |
| ১ স্কয়ার মিটার | = | ১৫৫০ স্কয়ার ইঞ্চি |
| ১ ইঞ্চি | = | ২.৫৪ সেন্টিমিটার |

## দেশী টাইলস ভালো না বিদেশী টাইলস?

- দেশি টাইলস-এরও সব কাঁচামাল বিদেশ থেকে আমদানি করতে হয়
- দেশি টাইলস যে মেশিনে তৈরি হয়, তাও সব বিদেশী মেশিন এবং অটোমেটিক, কোন হাতের স্পর্শ ছাড়াই
- কাজেই দেশী আর বিদেশী টাইলস-এর কার্যত মানে একইরকম
- সবসময় চাহিদা অনুসারে পাওয়া যায় না। কারণ উৎপাদন দেশের বাইরে হয়

## কেন স্টার সিরামিক্স?

- সর্বোচ্চ মানসম্পন্ন কাঁচামাল
- অটোমেটেড মেশিনে প্রস্তুত
- কঠোরভাবে মাননিয়ন্ত্রণ করা হয়
- আধুনিক ও রুচিসম্পন্ন ডিজাইন
- দেশজুড়ে ডিলার নেটওয়ার্ক
- যে কোন স্থানে যে কোন পরিমাণ পণ্য সরবরাহে সক্ষম




## ডিসপ্লে সেন্টার

### উত্তরা
বাড়ি নং ৪৪, (দ্বিতীয় তলা), রোড নং ১০, সেক্টর ১১, উত্তরা, ঢাকা ১২৩০
ফোন : ০১৭৫৫৫৮২৮৭৪

### হাতিরপুল
হামিদ প্লাজা, ৩০০/৫/এ/১, বীর উত্তম সি আর দত্ত রোড, হাতিরপুল, ঢাকা
ফোন : ০১৭৫৫৬৮৯৪৯৫

### সিলেট
বাড়ি নং ১, সড়ক ৩৬, ব্লক ডি, উপশহর মেইন রোড, সিলেট
ফোন : ০১৭৫৫৫৪৫২৯৮

### ফ্যাক্টরি
রিয়াজনগর, বাঘাসুরা, মাধবপুর, হবিগঞ্জ ৩৩০০

star ™
ceramics
Tiles & Sanitaryware

ISO 14001:2004
ISO 9001:2008
OHSAS 18001:2007
BUET Tested

# CRAVING FOR PASSION CHANGE YOUR LIFESTYLE


## কর্পোরেট অফিস

বাড়ি নং ৪৪, রোড নং ১০, সেক্টর ১১, উত্তরা, ঢাকা ১২৩০, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯৫০৩৮৪, +৮৮ ০২ ৭৯১৩৩২২, ফ্যাক্স : +৮৮ ০২ ৭৯১৪৮৩০
ই-মেইল : sales@starceramicsbd.com ওয়েবসাইট : www.starceramicsbd.com

## চট্টগ্রাম অফিস

সি এন্ড এফ টাওয়ার (৬ষ্ঠ তলা) ১৭১২ (নতুন) শেখ মুজিব সড়ক,
আগ্রাবাদ, চট্টগ্রাম ৪১০০। ফোন : ০১৭০৯৬৩২২৩৩